

রহমান রহীম আল্লাহ তাআলার নামে

- ০৯১-১ ঈশপথ সূর্যের এবং তার রৌদ্রচ্ছটার,
- ০৯১-২ ঈশপথ চাঁদের যখন সে (সূর্যের) পেছনে পেছনে আসে,
- ০৯১-৩ ঈশপথ দিনের যখন সে তাকে আলোকিত করে ফেলে,
- ০৯১-৪ ঈশপথ রাতের যখন সে তাকে ঢেকে দেয়,
- ০৯১-৫ ঈশপথ আবকাশের এবং যিনি তা নির্মাণ করেছেন- তাঁর,
- ০৯১-৬ ঈশপথ পৃথিবীর এবং যিনি একে বিছিয়ে দিয়েছেন- তাঁর,
- ০৯১-৭ ঈশপথ মানব প্রকৃতির এবং যিনি তার যথাযথ বিন্যাস স্থাপন করেছেন- তাঁর,
- ০৯১-৮ অতঃপর আল্লাহ তাআলা তাকে তার পাপ (পথে গমন) ও (পাপ থেকে) বেঁচে থাকা-(র জ্ঞান) প্রদান করেছেন,
- ০৯১-৯ নিঃসন্দেহে মানুষের মধ্যে সে-ই সফলকাম যে (পাপ থেকে দূরে থেকে) তাকে পরিশুদ্ধ করে দেবে,
- ০৯১-১০ আর যে (ব্যক্তি পাপে নিমজ্জিত হয়ে) তাকে কলুষিত করেছে সে ব্যর্থ হয়েছে,
- ০৯১-১১ সামুদ জাতি তার অবাধ্যতার কারণে (আল্লাহর নবীকে) মিথ্যা প্রতিপন্ন করেছিলো,

- ০৯১-১২ যখন তাদের বড়ো না-ফরমান ব্যাক্তিটি ষড়যন্ত্ৰে মেতে ওঠলো,
- ০৯১-১৩ তখন আল্লাহর নবী তাদের বললো, এ হচ্ছে আল্লাহর পাঠানো উটনী আর এ হচ্ছে তার পানি পান (করার জায়গা);
- ০৯১-১৪ কিন্তু তারা তাকে মিথ্যা প্রতিপন্ন করলো অতঃপর উটনীটিকে তারা হত্যা করে ফেললো, অতঃপর তাদের এ না-ফরমানীর কারণে তাদের মান্নিক তাদের ওপর মহা বিপর্যয় নাযিল করলেন, অতঃপর তিনি তাদের (মাটির সাথে) একাকার করে দিলেন,
- ০৯১-১৫ (আর রাজাধিরাজ আল্লাহ তাআলা,) তিনি এসব ব্যাপারে (যে পাপিষ্ঠ) তার পরিগতির পরোয়া করেন না।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed
Al Quran Academi London

*Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr*